



গাড়িতে শিশুদের ব্যবহারের আসনগুলির বিভিন্ন প্রকার

কোন শিশুদের আসন আমি ব্যবহার করতে পারি?



Australian Standard
AS/NZS 1754



- একটি অনুমোদিত শিশুদের আসন ব্যবহার করুন যা অস্ট্রেলিয়া/নিউজিল্যান্ডে শিশুদের আসন সংক্রান্ত মানদণ্ডের (AS/NZS 1754) অপরিহার্য আবশ্যিকতাকৃতিকে পূরণ করে। যে সব আসনগুলি AS/NZS 1754 মানদণ্ডের অনুবর্তি হয় সেগুলির আসনে তার লেবেল লাগানো থাকে।
- অন্য দেশে কেনা শিশুদের আসন ব্যবহার করবেন না। কেবলমাত্র অস্ট্রেলিয়ার মানদণ্ড পূরণকারী শিশুদের আসনগুলিই অস্ট্রেলিয়া বিক্রয় ও ব্যবহার করা যায়।
- আপনার আসন যেন সঠিক হয় তা নিশ্চিত করুন। ব্যবহারের উপযুক্ততা নির্ধারণ করতে বর্তমান আসনগুলি শিশুর আকার ব্যবহার করে।
- আপনার আসন ব্যবহারের সময় সবসময় নির্মাতার নির্দেশাবলী দেখুন ও সেগুলি মেনে চলুন।
- সবসময় পুরনো ও ব্যবহৃত আসনগুলির বয়স ও ইতিহাস ভাল করে দেখে নিন। এগুলি 10 বছরের কম পুরনো, কোন দুর্ঘটনা না ঘটা, এবং এগুলির সমস্ত উপাদানগুলি অক্ষত থাকা দরকার।



মনে রাখবেন:

আপনার শিশু পরবর্তী প্রকারের আসনে বসার উপযুক্ত হয়ে ওঠার আগে অবধি সবসময় তার সর্বোচ্চ আকারে পৌঁছানো অবধি তার ব্যবহারের আসনেই তাকে বসান। এটি জরুরি যে, আপনার শিশুকে কখন আপনি অন্য রকমের আসনে বসানো শুরু করবেন সেই সিদ্ধান্ত নেবার সময় অবশ্যই আপনার শিশুর নির্দিষ্ট আসন সংক্রান্ত নির্মাতার নির্দেশগুলি মেনে চলবেন।

i পরামর্শ

“Best Practice Guidelines for the Safe Restraint of Children Travelling in Motor Vehicles”-এ যান অথবা আমাদের যাত্রীদের নিরাপত্তা সংক্রান্ত অ্যানিমেশন দেখুন। এই দুই সংস্থান Kidsafe Australia-র ওয়েবসাইটে পাওয়া যাবে। শিশু যাত্রীর আবশ্যিকতাকৃতিকে সম্পর্কে আরও তথ্যের জন্য www.kidsafe.com.au-এ গিয়ে আপনার স্থানীয় Kidsafe রাজ্য বা ভূখণ্ডের দপ্তরের সাথে যোগাযোগ করুন।



প্রতিটি রাজ্যে ও ভূখণ্ডে Kidsafe পরিষেবাগুলি আলাদা-আলাদা হতে পারে।
আরও তথ্যে ও পরামর্শের জন্য দয়া করে আপনার রাজ্যের বা ভূখণ্ডের দপ্তরে যোগাযোগ করুন।
প্রকাশের সময় প্রদত্ত সমস্ত তথ্য সঠিক আছে।




6 মাসের কম বয়সী শিশুদের অবশ্যই

অবশ্যই একটি পিছন দিকে মুখ করা অথবা আগে থেকে লাগানো সাজসরঞ্জামসহ অনুমোদিত শিশুদের গাড়িতে ব্যবহারের আসন ব্যবহার করুন, যা গাড়ির সাথে ভালভাবে লাগানো থাকবে এবং শিশুর শরীর যাতে ভালভাবে বসে সেইভাবে সামঞ্জস্যপূর্ণ হবে।

যে সব গাড়িতে দুই বা তার বেশি সংখ্যক সারির আসন থাকে তাতে 6 মাসের কম বয়সী শিশুদের গাড়ির সামনের আসনে বসার অনুমতি নেই।

আপনার শিশুকে ততদিন অবধি একটি পিছন দিকে মুখ করা শিশুদের আসনেই বসার সুপারিশ করা হয় যতদিন না সে তার থেকে আকারে বড় হয়ে ওঠে। তার সময় হল তখন যখন তারা সর্বোচ্চ আকার সীমায় পৌঁছে যায় (দৈর্ঘ্য ও কাঁধের উচ্চতা)।



6 মাস থেকে 4 বছর বয়সী শিশু

অবশ্যই একটি অনুমোদিত পিছন দিকে মুখ করা অথবা আগে থেকে লাগানো সাজসরঞ্জামসহ শিশুর আসন, অথবা আগে থেকে লাগানো সাজসরঞ্জামসহ সামনের দিকে মুখ করা শিশুর আসন ব্যবহার করুন (যতদিন না তারা কাঁধের উচ্চতার আবশ্যিকতা পূরণ করছে)।

আসনটি গাড়ির সাথে ঠিকঠাকভাবে লাগানো থাকতে হবে, এবং শিশুর শরীর যাতে ভালভাবে বসে সেইভাবে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

যে সব গাড়িতে দুই বা তার বেশি সংখ্যক সারির আসন থাকে তাতে 6 বছরের কম বয়সী শিশুদের গাড়ির সামনের আসনে বসে ভ্রমণে অনুমতি নেই।

সুপারিশ করা হয় যে: আপনার শিশু যতদিন না আসনের সর্বোচ্চ আকারের সীমায় পৌঁছাচ্ছে (উচ্চতার/কাঁধের উচ্চতার) সীমায় পৌঁছাচ্ছে ততদিন অবধি আগে থেকে লাগানো সাজসরঞ্জামসহ একটি শিশুর আসনেই তাকে রাখুন। কিছু কিছু শিশুর আসনে সামনের দিকে মুখ করা বর্ধিত বিকল্পও রয়েছে এবং তা 2-3 বছর (30 মাস) অবধি শিশুদের সামনের দিকে মুখ করা আসনে বসানোর ক্ষমতা থাকে।